

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর
publiclibrary.sherpur.gov.bd

২০১৭-১৮ অর্থবছরে জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর উল্লেখযোগ্য কার্যক্রমঃ

ক্রমিক	উল্লেখযোগ্য কার্যক্রম	আমাদের অর্জন
১	গ্রন্থাগার ভবন সংস্কার	গণপূর্ত বিভাগের সহায়তায় ২০১৭-১৮ অর্থবছরে গ্রন্থাগার ভবনের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে।
২	পুস্তক সংগ্রহ	গত বছর (২০১৭-১৮) জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর ১,৩০০ টি পুস্তক সংগ্রহ করেছে।
৩	সদস্য সংগ্রহ	গত অর্থবছরে ৮৫ জন পাঠককে গ্রন্থাগারের সদস্য করা হয়েছে। উল্লেখ্য এপর্যন্ত মোট ৫০১ জন পাঠককে সদস্য হিসেবে নিবন্ধিত করা হয়েছে।
৪	গ্রন্থাগার সেবা	২০১৭-১৮ অর্থবছরে ৭০১৫৮ জন সেবাগ্রহীতাকে গ্রন্থাগার সেবা (বইপাঠ সেবা/ পুস্তক লেনদেন সেবা/ দৈনিক পত্রিকা সেবা/ পুরাতন পত্রিকা সেবা/ সাময়িকী সেবা) প্রদান করা হয়েছে।
৫	রেফারেন্স সেবা	জেলা সরকারি গণগ্রন্থাগার গত ২০১৭-১৮ অর্থবছরে মোট ৫,৮৯৫ জন সেবাগ্রহীতাকে রেফারেন্স সেবা প্রদান করেছে।
৬	সম্প্রসারণমূলক সেবা	২০১৭-১৮ অর্থবছরে সাতটি (৭) জাতীয় ও আর্ন্তজাতিক দিবসে মোট বারটি (১২) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যেগুলোতে মোট ৫০১ জন প্রতিযোগি অংশগ্রহণ করে।
৭	তথ্য-প্রযুক্তি সেবা	গত অর্থবছরে মোট ১,১০০ জন সেবা গ্রহীতা গ্রন্থাগার থেকে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণ করেছে। এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক (www.facebook.com/DPLSHERPUR), ইউটিউব, ই-মেইল (dplsherpur@gmail.com) ইত্যাদি ব্যবহার করেও গ্রন্থাগার ব্যবহারে আগ্রহ তৈরিতে কাজ করা হচ্ছে।
৮	প্রাতিষ্ঠানিক সেবা	গত ২০১৭-১৮ অর্থবছরে চারটি (০৪) বেসরকারি গ্রন্থাগারকে নিবন্ধন দেয়া হয়েছে। উল্লেখ্য শেরপুর জেলায় মোট ২২ টি বেসরকারি গ্রন্থাগারকে এপর্যন্ত নিবন্ধন দেয়া হয়েছে।
৯	উদ্ভাবনী উদ্যোগ	গত বছর আমাদের উদ্ভাবনী কার্যক্রমের মধ্যে ছিল অনলাইনে গ্রন্থাগার ও রেফারেন্স সেবা প্রদান, প্রতিযোগিতা সমূহের বিজ্ঞপ্তি ও ফলাফল প্রচার, জব কর্ণার স্থাপন, সন্থীনা প্রাচীরে মনীষীদের বাণী অংকন ইত্যাদি।
১০	গ্রন্থ-প্রদর্শনী	বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে মোট তিনটি (০৩) গ্রন্থ-প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।
১১	মেলায় অংশগ্রহণ	জাতীয় উন্নয়ন মেলা, বই মেলা, উদ্ভাবনী মেলা, শিশু মেলা, পরিবার পরিকল্পনা মেলা সহ গত বছর মোট পাঁচটি (০৫) মেলায় অংশগ্রহণ করা হয়েছে।

১২	নলেজ শেয়ারিং সেশন	সেবাগ্রহীতাদের সাথে নলেজ শেয়ারিং এবং সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে মোট পাঁচটি (০৫) সেশন আয়োজন করা হয়েছে।
১৩	উদ্বুদ্ধকরণ কর্মসূচী	পাঠক ফোরামের সদস্যদেরকে বই পাঠ ও জ্ঞানার্জনে উদ্বুদ্ধ করা এবং তাদের মাঝে ক্যারিয়ার সচেতনতা তৈরির উদ্দেশ্যে তিনটি (০৩) মোটিভিশনাল কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
১৪	অনলাইন সেবা	এই সেবার অংশ হিসেবে গ্রন্থাগার অনলাইনে সদস্য ফরম, বেসরকারি গ্রন্থাগার রেজি: ফরম, বিভিন্ন প্রতিযোগিতার ফরম ডাউনলোড সুবিধাসহ গ্রন্থাগার সম্পর্কিত প্রয়োজনীয় সকল তথ্য প্রাপ্তির সুবিধা নিশ্চিত করা হয়েছে।
১৫	সেবা সহজিকরণ	স্যোশাল মিডিয়া (ফেইসবুক) ও ওয়েব পোর্টাল ব্যবহার করে রেফারেন্স সেবা, সাম্প্রতিক তথ্যজ্ঞাপন সেবা, গ্রন্থ-পর্যালোচনা, সেবা-প্রার্থীর অভিযোগ/মতামত গ্রহণ, প্রতিযোগিতার বিজ্ঞপ্তি/ফলাফল/খবর প্রচার করা ইত্যাদি সেবা সহজে প্রদান করা হচ্ছে।
১৬	তথ্য-বাতায়ন হালনাগাদকরণ	জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর নিজস্ব ওয়েব-পোর্টাল (publiclibrary.sherpur.gov.bd) প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে।